# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
**ক্রেডিট বিভাগ**

ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৪১)/২০২০-২০২১/ ২৬৬ (১২০০) তারিখঃ ০৫.০৮.২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ **বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে প্রদত্ত সীমা হতে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২০ অনুযায়ী সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন প্রদানের নিমিত্ত ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের পত্র নং-সূত্রঃ বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২০-৫৪৪৯, তারিখঃ ২৩/০৭/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

২.০১। উপরোক্ত পত্র মূলে ০২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ এবং ২৩ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১০ এর প্রতি দৃষ্টি আকর্ষনপূর্বক জানানো হয় যে, বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২০ এর মাধ্যমে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের এপ্রিল/২০২০ এবং মে/২০২০ মাসের বেতন-ভাতা ইতোমধ্যে সরকার ঘোষিত ০৫ হাজার কোটি টাকার আর্থিক প্রণোদনা প্যাকেজ হতে বিতরণ করা হয়েছে। পরবর্তীতে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় ক্ষতিগ্রস্থ শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ এবং সরকার ঘোষিত উক্ত ০৫ হাজার কোটি টাকার আর্থিক প্রণোদনা প্যাকেজের অবন্টনকৃত অংশ হতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জুন/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদান করা হয়।

২.০২। উল্লেখ্য, কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলার লক্ষ্যে ক্ষতিগ্রস্থ শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহকে ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ/বিনিয়োগ প্রদানের নিমিত্ত ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ হতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জন্য শেষবারের মতো জুলাই/২০২০ মাসের বেতন প্রদানের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে সরকার কর্তৃক ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ এর সাথে অতিরিক্ত ৩ হাজার কোটি টাকা বৃদ্ধি করে ৩৩ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

২.০৩। সার্বিক বিষয় বিবেচনায় ক্ষতিগ্রস্থ শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ এর সাথে ৩ হাজার কোটি টাকা বৃদ্ধি করে ৩৩ হাজার কোটি টাকায় উন্নীতকরণপূর্বক বর্ধিত অর্থ হতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জন্য শেষবারের মতো জুলাই/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদানের নিমিত্ত ঋণ/বিনিয়োগ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে শ্রমিক-কর্মচারীদের জন্য শেষবারের মতো জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের জন্য বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর মাধ্যমে ঘোষিত প্যাকেজের আওতায় অত্র ব্যাংকের পূর্ব নির্ধারিত ঋণ/বিনিয়োগের সীমার সাথে নতুনভাবে ২.৬৩ কোটি টাকা বৃদ্ধি করে ৭৫.৬৩ কোটি টাকা পুনঃনির্ধারণ করা হলো।

২.০৪। এক্ষণে, নতুনভাবে বরাদ্দকৃত সীমা হতে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২০ এ বর্ণিত শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদানের নিমিত্ত ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ/বিনিয়োগ প্রদানের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো। জুলাই/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদানের লক্ষ্যে ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবেঃ

ক) যে সকল শিল্প প্রতিষ্ঠান তাদের শ্রমিক-কর্মচারীদের জুন/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন। তবে কোন শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে জুন/২০২০ মাসের তুলনায় জুলাই/২০২০ মাসে এ খাতে ঋণ/বিনিয়োগ পরিমাণ কোনভাবেই অধিক হতে পারবে না।

খ) উক্ত ঋণ/বিনিয়োগ সুদের হার হবে সর্বোচ্চ ৯.০০ শতাংশ, যার মধ্যে সরকার ৪.৫০ শতাংশ ভর্তুকী হিসেবে প্রদান করবে।

গ) ঋণ/বিনিয়োগ মেয়াদ হবে ২৪ মাস।

ঘ) ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে ০৬ মাস গ্রেস পিরিয়ড পাওয়া যাবে। গ্রেস পিরিয়ড অতিবাহিত হওয়ার পর ১৮টি মাসিক সমকিস্তিতে ঋণ/বিনিয়োগ হিসাবটি আদায়যোগ্য/পরিশোধ হবে।

ঙ) জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা বাবদ প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধার বিপরীতে বিআরপিডি সার্কুলার নং-১০/২০২০ অনুযায়ী পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্য হবে।

চ) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা শ্রমিক-কর্মচারীদের ব্যাংক হিসাব বা MFS হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে। MFS এর মাধ্যমে শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা স্থানান্তরের চার্জ ব্যাংকের নিজস্ব উৎস হতে নির্বাহ করতে হবে।

ছ) জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা বাবদ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে আলোচ্য পত্রটি বাংলাদেশ ব্যাংকের সম্মতিপত্র হিসেবে গন্য হবে।

জ) বেতন-ভাতা বাবদ নতুন বরাদ্দকৃত সীমার কোন অর্থ শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন প্রদান করার পর অবশিষ্ট থাকলে উক্ত অর্থ বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় ঋণ/বিনিয়োগ হিসেবে প্রদান করা যাবে।

২.০৫। শ্রমিক-কর্মচারীগণ যাতে সময়মত জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা পেতে পারে সে লক্ষ্যে এ পত্রের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

২.০৬। জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের পর পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে এতদ্‌সংক্রান্ত তথ্য বাংলাদেশ ব্যাংকের একাউন্টস্ এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট এর নিকট প্রেরণ করতে হবে।

০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকার ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি পত্র নং-সূত্রঃ বিআরপিডি(পি-১)/৬৬১/১৩/২০২০-৫৪৪৯, তারিখঃ ২৩/০৭/২০২০ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, পত্রের নির্দেশনা মোতাবেক নতুনভাবে বরাদ্দকৃত সীমা হতে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২০ এ বর্ণিত শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদানের নিমিত্ত ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ/বিনিয়োগ প্রদানের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো এবং শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের জন্য ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে উপরোক্ত পত্রের অনুসরনীয় নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য যে, জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের পর পরবর্তী ০২(দুই) কর্মদিবসের মধ্যে এতদ্‌সংক্রান্ত তথ্য বাংলাদেশ ব্যাংকের একাউন্টস্ এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট এর নিকট প্রেরণ লক্ষ্যে আন্তর্জাতিক বাণিজ্য বিভাগে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৪১)/২০২০-২০২১/ ২৬৬ (১২৮৮) তারিখঃ ০৪.০৮.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর মাধ্যমে ঘোষিত প্যাকেজের আওতায় পূর্ব নির্ধারিত ঋণ/বিনিয়োগের সীমার সাথে নতুনভাবে বরাদ্দকৃত ২.৬৩ কোটি টাকা মঞ্জুরি এবং বিতরনের প্রয়োজনীয় নির্দেশনা ও ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে প্রাইভেট জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১০। নথি/মহানথি।

০৫/০৮/২০২০
(মোঃ এনামুল হোসেন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ক্রেডিট বিভাগ-১

এজিএম ঃ

এস পি ও ঃ

পিও ঃ

উপমহাব্যবস্থাপক

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

নীতি শাখা-১

সূত্রঃ বিআরপিডি (পি-১)/৬৬১/১৩/২০২০-৫৪৪৯ তারিখঃ ২৩ জুলাই ২০২০

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে প্রদত্ত সীমা হতে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২০ অনুযায়ী সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন প্রদানের নিমিত্ত ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে,০২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ এবং ২৩ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২০ এর মাধ্যমে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের এপ্রিল/২০২০ এবং মে/২০২০ মাসের বেতন-ভাতা ইতোমধ্যে সরকার ঘোষিত ০৫ হাজার কোটি টাকার আর্থিক প্রণোদনা প্যাকেজ হতে বিতরণ করা হয়েছে। পরবর্তীতে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ এবং সরকার ঘোষিত উক্ত ০৫ হাজার কোটি টাকার আর্থিক প্রণোদনা প্যাকেজের অবন্টনকৃত অংশ হতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জুন/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদান করা হয়।

০৩। উল্লেখ্য, কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলার লক্ষ্যে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহকে ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ/বিনিয়োগ প্রদানের নিমিত্ত ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ হতে সচল রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জন্য শেষবারের মতো জুলাই/২০২০ মাসের বেতন প্রদানের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এলক্ষ্যে সরকার কর্তৃক ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ এর সাথে অতিরিক্ত ৩ হাজার কোটি টাকা বৃদ্ধি করে ৩৩ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

০৪। সার্বিক বিষয় বিবেচনায় ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ এর সাথে ৩ হাজার কোটি টাকা বৃদ্ধি করে ৩৩ হাজার কোটি টাকায় উন্নীতকরণপূর্বক বর্ধিত অর্থ হতে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জন্য শেষবারের মতো জুলাই/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদানের নিমিত্ত ঋণ/বিনিয়োগ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে শ্রমিক-কর্মচারীদের জন্য শেষবারের মতো জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের জন্য বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর মাধ্যমে ঘোষিত প্যাকেজের আওতায় আপনাদের ব্যাংকের পূর্ব নির্ধারিত ঋণ/বিনিয়োগের সীমার সাথে নতুনভাবে ২.৬৩ কোটি টাকা বৃদ্ধি করে ৭৫.৬৩ কোটি টাকা পুনঃনির্ধারণ করা হলো।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং........ তারিখ........
বিভাগ........

চলমান পাতা-০২

ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



০৫। এক্ষণে, নতুনভাবে বরাদ্দকৃত সীমা হতে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২০ এ বর্ণিত শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ/বিনিয়োগ প্রদানের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো। শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদানের লক্ষ্যে ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে ঃ

ক) যে সকল শিল্প প্রতিষ্ঠান তাদের শ্রমিক-কর্মচারীদের জুন/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত ঋণ/বিনিয়োগ সুবিধা পেয়েছে কেবলমাত্র তারাই আবেদন সাপেক্ষে জুলাই/২০২০ মাসের বেতন-ভাতাদি প্রদানের জন্য ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন। তবে কোন শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে জুন/২০২০ মাসের তুলনায় জুলাই/২০২০ মাসে এ খাতে ঋণ/বিনিয়োগের পরিমাণ কোনভাবেই অধিক হতে পারবে না।

খ) উক্ত ঋণ/বিনিয়োগের সুদের হার হবে সর্বোচ্চ ৯.০০ শতাংশ, যার মধ্যে সরকার ৪.৫০ শতাংশ ভর্তুকী হিসেবে প্রদান করবে।

গ) ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে ২৪ মাস।

ঘ) ঋণ/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে ০৬ মাস গ্রেস পিরিয়ড পাওয়া যাবে। গ্রেস পিরিয়ড অতিবাহিত হওয়ার পর ১৮টি মাসিক সমকিস্তিতে ঋণ/বিনিয়োগ হিসাবটি আদায়যোগ্য/পরিশোধ্য হবে।

ঙ) জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা বাবদ প্রদত্ত ঋণ/বিনিয়োগ সুবিধার বিপরীতে বিআরপিডি সার্কুলার নং-১০/২০২০ অনুযায়ী পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্য হবে।

চ) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা শ্রমিক কর্মচারীদের ব্যাংক হিসাব বা MFS হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে। MFS-এর মাধ্যমে শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা স্থানান্তরের চার্জ ব্যাংকের নিজস্ব উৎস হতে নির্বাহ করতে হবে।

ছ) জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা বাবদ ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে আলোচ্য পত্রটি বাংলাদেশ ব্যাংকের সম্মতিপত্র হিসেবে গণ্য হবে।

জ) বেতন-ভাতা বাবদ নতুন বরাদ্দকৃত সীমার কোন অর্থ শ্রমিক-কর্মচারীদের জুলাই/২০২০ মাসের বেতন প্রদান করার পর অবশিষ্ট থাকলে উক্ত অর্থ বিআরপিডি সার্কুলার নং- ০৮/২০২০ এর আওতায় ঋণ/বিনিয়োগ হিসেবে প্রদান করা যাবে।

০৬। শ্রমিক-কর্মচারীগণ যাতে সময়মত জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা পেতে পারে সে লক্ষ্যে এ পত্রের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

০৭। জুলাই/২০২০ মাসের বেতন-ভাতা প্রদানের পর পরবর্তী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে এতদ্‌সংক্রান্ত তথ্য বাংলাদেশ ব্যাংকের একাউন্টস্ এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট-এর নিকট প্রেরণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫২